# বাংলাদেশ নির্বাচন কমিশন

নির্বাচন কমিশন সচিবালয়
নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা।
www.ecs.gov.bd

নম্বর ১৭.০০.০০০০.০১৬.১১.০৪২.১৬-২৭১ তারিখঃ ২৫ জুলাই, ২০১৮

## নিয়োগ বিজ্ঞপ্তি

নির্বাচন কমিশন সচিবালয় ও এর আওতাধীন মাঠ পর্যায়ের কার্যালয়ে রাজস্ব খাতভুক্ত নিম্নে বর্ণিত শূন্য পদ সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশি নাগরিকের নিকট হতে নির্ধারিত ফরমে আবেদনপত্র আহবান করা যাচ্ছেঃ

| ক্রমিক নং | পদের নাম | গ্রেড ও বেতন স্কেল | পদ সংখ্যা | প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার অধিবাসীগণ আবেদন করতে পারবেন | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ০১ | গাড়ীচালক | গ্রেড-১৬ (স্কেল ৯৩০০-২২৪৯০/-) | ০১ | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা অষ্টম শ্রেণি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) গাড়ীচালনার বৈধ পেশাদার লাইসেন্সধারী হতে হবে।<br>(গ) অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হবে। | ঢাকা, গাজীপুর, মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, নারায়ণগঞ্জ, ফরিদপুর, মাদারীপুর, শরিয়তপুর, কিশোরগঞ্জ, টাংগাইল, ময়মনসিংহ, জামালপুর, শেরপুর, চট্টগ্রাম, কক্সবাজার, ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, কুমিল্লা, ফেনী, লক্ষ্মীপুর, নোয়াখালী, রাজশাহী, সিরাজগঞ্জ, নওগাঁ, নাটোর, চাঁপাইনবাবগঞ্জ, বগুড়া, রংপুর, দিনাজপুর, গাইবান্ধা, কুড়িগ্রাম, নীলফামারী, ঠাকুরগাঁও, খুলনা, যশোর, নড়াইল, সাতক্ষীরা, মেহেরপুর, বরিশাল, ঝালকাঠী, পটুয়াখালী, সিলেট, মৌলভীবাজার, সুনামগঞ্জ, হবিগঞ্জ। | |

শর্তসমূহঃ

১) নির্ধারিত আবেদন ফরমে (বিজ্ঞপ্তির সাথে সংযুক্ত) আবেদন করতে হবে এবং আবেদন ফরম অবশ্যই নিজ হাতে লিখতে হবে অথবা টাইপ করতে হবে। নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েবসাইট www.ecs.gov.bd হতে আবেদনপত্রের নমুনা সংগ্রহ করা যাবে।

২) আবেদনপত্রের সাথে ০৫ (পাঁচ) টাকা মূল্যমানের ০২টি অব্যবহৃত ডাকটিকেট এবং পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকা (অফেরতযোগ্য) বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংকের যে কোন শাখায় "১-০৬০১-০০০১-২০৩১" নং কোডে জমাদানপূর্বক চালানের মূল কপি সংযুক্ত করতে হবে। মৌখিক পরীক্ষার সময় আবেদনকারীকে (ক) শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র, (খ) প্রার্থী যে জেলার স্থায়ী নাগরিক সে জেলার সংশ্লিষ্ট পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের কাউন্সিলর প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র, (গ) পেশাদার ড্রাইভিং লাইসেন্স ও প্রযোজ্য অন্যান্য সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং ০১ (এক) সেট সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।

৩) ০১/০৮/২০১৮ তারিখে প্রার্থীর বয়স ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যার ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়স প্রমাণের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৪) চাকরিরত প্রার্থীকে স্ব-স্ব নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে আবেদনপত্র প্রেরণ করতে হবে।

৫) আবেদনপত্র ও কাগজপত্র উপসচিব (জঃব্যঃ), নির্বাচন কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা এই ঠিকানায় ০১-০৮-২০১৮ তারিখ হতে ১৪-০৮-২০১৮ তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে ডাকযোগে পৌঁছাতে হবে বা সরাসরি নির্বাচন কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকায় রক্ষিত বাক্সে দাখিল করতে হবে। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত আবেদনসমূহ বাতিল বলে গণ্য হবে।

৬) আবেদনকারী যদি কোন তথ্য গোপন/ভুল তথ্য প্রদান/ভুয়া সনদ দাখিল করে এবং চূড়ান্তভাবে প্রার্থী মনোনয়নের আগে বা পরে যদি তা সনাক্ত হয় সে ক্ষেত্রে আবেদনকারীর প্রার্থীতা/নিয়োগ আদেশ বাতিলসহ ফৌজদারি আদালতে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য প্রার্থীকে সোপর্দ করা হবে।

৭) নিয়োগের ক্ষেত্রে প্রচলিত সকল কোটা অনুসরণ করা হবে।

৮) প্রার্থীকে বিধি মোতাবেক লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে। পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবেনা।

৯) নিয়োগকারী কর্তৃপক্ষ নিয়োগ বিজ্ঞপ্তির যে কোন বিষয় সংশোধন/পরিবর্তন বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১০) বাছাইয়ে বৈধ বিবেচিত প্রার্থীগণকে পরীক্ষার তারিখ, সময় ও স্থান সম্পর্কে তাদের স্ব-স্ব বর্তমান ঠিকানায় প্রবেশপত্র প্রেরণ করা হবে।

১১) নিয়োগ সংক্রান্ত বিভিন্ন তথ্য নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েব সাইট www.ecs.gov.bd হতে পাওয়া যাবে।

২৫.৭.১৮

মোঃ সাবেদ উর রহমান
উপসচিব (চঃদাঃ) (জঃব্যঃ)

# চাকরির আবেদন ফরম

সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ০২ কপি রঙ্গিণ ছবি

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | পদের নামঃ গাড়ীচালক, গ্রেড-১৬ (স্কেল ৯৩০০-২২৪৯০/-) | | | | | | | | | | |
| ২. | বিজ্ঞপ্তির নম্বরঃ ১৭.০০.০০০০.০১৬.১১.০৪২.১৬-২৭১ | তারিখঃ | ২ | ৫ | ০ | ৭ | ২ | ০ | ১ | ৮ | |
| ৩. | প্রার্থীর নাম | বাংলায়ঃ | | | | | | | | | |
| | | ইংরেজিতে (বড় অক্ষরে): | | | | | | | | | |
| ৪. | জাতীয় পরিচয়পত্র নম্বরঃ | | | | | | | | | | (যে কোন একটি) |
| | জন্ম নিবন্ধন নম্বরঃ | | | | | | | | | | |
| ৫. | জন্ম তারিখঃ | দি | ন | মা | স | ব | ৎ | স | র | ৬. জন্মস্থান (জেলা): | |
| ৭. | বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়সঃ | বছর | মাস | দিন | | | | | | | |
| ৮. | মাতার নামঃ | | | | | | | | | | |
| ৯. | পিতার নামঃ | | | | | | | | | | |

| ১০. | ঠিকানা | বর্তমান | স্থায়ী |
|---|---|---|---|
| | বাসা ও সড়ক (নাম/নম্বর) | | |
| | গ্রাম/পাড়া/মহল্লাঃ | | |
| | ইউনিয়ন/ওয়ার্ডঃ | | |
| | ডাকঘরঃ | | |
| | পোস্ট কোড নম্বরঃ | | |
| | উপজেলাঃ | | |
| | জেলাঃ | | |

| | | | |
|---|---|---|---|
| ১১. | যোগাযোগঃ | মোবাইল/টেলিফোন নম্বরঃ | ই-মেইল(যদি থাকে): |
| ১২. | জাতীয়তা: | ১৩. | জেন্ডার: |
| ১৪. | ধর্ম: | ১৫. | পেশা: |

১৬. শিক্ষাগত যোগ্যতাঃ

| পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাসের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণি/ বিভাগ |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

| | | | |
|---|---|---|---|
| ১৭. | পেশাদার ড্রাইভিং লাইসেন্স নম্বরঃ | ইস্যুর স্থান ও তারিখঃ | |
| ১৮. | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে): | | |
| ১৯. | অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে): | | |
| ২০. | কোটা (টিক দিন) | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা | এতিম/শারীরিক প্রতিবন্ধীঃ |
| | | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী; আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য | অন্যান্য (উল্লেখ করুন): |
| ২১. | চালান নম্বর: | তারিখঃ দি ন মা স ব ৎ স র | |
| | ব্যাংক ও শাখার নামঃ | | |
| ২২. | বিভাগীয় প্রার্থী কিনা? টিক চিহ্ন (√) দিন: | হ্যাঁ / না | প্রযোজ্য নয় |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য বা ভুল প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

| তারিখঃ | দি | ন | মা | স | ব | ৎ | স | র |
|---|---|---|---|---|---|---|---|---|

প্রার্থীর স্বাক্ষর